

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭২১

আগরতলা, ৬ নভেম্বর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

‘গন্ডাছড়ায় সরকারী স্বাস্থ্য পরিষেবার অন্তর্জালি যাত্রা’ এই শিরোনামে আজ (৬ নভেম্বর, ২০২৪) দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, গন্ডাছড়া মহকুমা হাসপাতাল ভবনের মেরামতির প্রয়োজন। হাসপাতালে রেট্রোফিটিংয়ের কাজ শেষ হলে জেনেরিক কাউন্টার স্থাপন করা হবে। বর্তমানে হাসপাতালে উপলব্ধ ওষুধ রোগীদের বিনামূল্যে দেওয়া হচ্ছে। হাসপাতালের দুই জন বিশেষজ্ঞ মেডিক্যাল অফিসার (মেডিসিন ও ইএনটি) সহ মোট ৬ জন মেডিক্যাল অফিসার (অ্যালো) স্বাস্থ্য পরিষেবা প্রদান করছেন। প্রতিদিন তিন থেকে চার জন রোগী গন্ডাছড়া মহকুমা হাসপাতাল থেকে উন্নততর চিকিৎসার জন্য রেফার করা হয়, এই বক্তব্যটি সঠিক নয়।
